তারিখ 09 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

আমাদের সময়

# ডেমরা ও মুন্সীগঞ্জে ২ স্কুলছাত্রীকে ধর্ষণ

**আমাদের সময় ডেস্ক •** ঢাকার ডেমরা ও মুন্সীগঞ্জের গজারিয়ায় গত রোববার পৃথক ঘটনায় ২ স্কুলছাত্রী ধর্ষণের শিকার হয়েছে।

**ডেমরা :** ডেমরায় অষ্টম শ্রেণির এক ছাত্রী ধর্ষণের শিকার হয়েছে. এ ঘটনায় ধর্ষক সাদ্দাম হোসেন (২২) পলাতক বলে জানিয়েছে পুলিশ। সে ডেমরার কোনাপাড়া চিশতিয়া রোডের সাজুর ৭ তলা ভবনের ৪ তলার ভাড়াটিয়া জাহাঙ্গীরের ছেলে। গত রোববার সকালে এ ঘটনা ঘটে। এ বিষয়ে সোমবার দুপুরে ডেমরা থানায় একটি ধর্ষণ মামলা হয়েছে। ধর্ষক সাদ্দাম ওই সময় তার পরিবারের সদস্যদের অনুপুস্থিতিতে কৌশলে ধর্ষিতাকে তার ফ্ল্যাটে ডেকে নিয়ে আসে। পরে তাকে ৪ ঘণ্টা আটকে রেখে কয়েকবার ধর্ষণ করে।

**মুন্সীগঞ্জ :** মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলার বালুয়াকান্দি ইউনিয়নের কাজীরগাঁও গ্রামে ধর্ষণের শিকার হয়েছে ৮ বছরের এক শিশু। রোববার সন্ধ্যায় এ ঘটনা ঘটেছে। কাজিরগাঁও গ্রামের হাসমত উল্লাহর মেয়ে ও আট বছরের বালুয়াকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণির ছাত্রী ওই সময় বাড়ির পাশে পানি আনতে যায়। তাকে একা পেয়ে একই গ্রামের মৃত বিল্লাল হোসেনের বখাটে ছেলে মুক্তার হোসেন (৪০) ধর্ষণ করে। তার চিৎকারে লোকজন ছুটে এলে লম্পট বিল্লাল পালিয়ে যায়।